

আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।

ডিএফআইএম সার্কুলার লেটার নং-১০

তারিখ : ১৮ জুন, ২০০৯

প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক,
বাংলাদেশে কার্যরত সকল আর্থিক প্রতিষ্ঠান।

প্রিয় মহোদয়,

দিনের আলো সংরক্ষণ সময় (Day Light Saving Time)
ব্যবস্থা প্রবর্তনের সিদ্ধান্ত বাস্তবায়ন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে ১৫-৬-২০০৯ তারিখের ডিএফআইএম সার্কুলার লেটার নং-০৯ এর অনুবৃত্তিক্রমে জানানো যাচ্ছে যে, ১৯ জুন, ২০০৯ শক্রবার দিবাগত রাত ১১:০০ টায় ঘড়ির কাঁটা সারাদেশে ১ (এক) ঘন্টা এগিয়ে নিয়ে ঐ সময় রাত ১২:০০ টা করে বাংলাদেশে দিনের আলো সংরক্ষণ সময় (Day Light Saving Time) ব্যবস্থা প্রবর্তনের সরকারি সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে ২০ জুন, ২০০৯ থেকে অফিস চলাকালীন যোহরের নামাজ ও মধ্যাহ্নভোজের বিরতির জন্য নির্ধারিত সময় বেলা ১:০০ টা থেকে ১:৩০ মিঃ এর স্থলে ২:০০ টা থেকে ২:৩০ মিঃ নির্ধারণ করা হলো। আগামী ২০ জুন, ২০০৯ তারিখ থেকে ঘড়ির কাঁটা এগিয়ে আনার সিদ্ধান্ত বলবৎ থাকাকালীন সময় পর্যন্ত এ সময়সূচী বহাল থাকবে। তবে অফিস সময়সূচী পূর্বের ন্যায় অপরিবর্তিত থাকবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

স্বাক্ষরিত/-

(মোঃ মাছুম পাটোয়ারী)
উপ-মহাব্যবস্থাপক
ফোন : ৭১২০৯৫৬